

স্মারক নং- ৪৬.০২১.০০৪.০১.০০.২২৭.২০১৩-৭৪

তারিখঃ ১৭ শ্রাবণ ১৪২৪  
১ আগস্ট ২০১৭

বিষয়ঃ ঢাকা ওয়াসা সংক্রান্ত রীট পিটিশন নং-৪৮৫১/২০১৩ [পিটিশনারঃ জনাব আব্দুল মজিদ, এমডি, হেসন কর্পোরেশন  
লিঃ, আজমপুর, উত্তরা, ঢাকা] এর দফাওয়ারী জবাব ও প্রাসঙ্গিক কাগজপত্র প্রেরণ প্রসঙ্গে।


সূত্রঃ ডেপুটি এটর্নি জেনারেল জনাব বিশ্বজিৎ রায় প্রেরিত ১৮ জুলাই ২০১৭ তারিখের ফ্যাক্সবার্তা।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের বরাতে জানানো যাচ্ছে যে, রীট পিটিশন নং-৪৮৫১/২০১৩ সংক্রান্ত হাইকোর্ট বিভাগের আদেশ এবং আরজীর কপি অত্র বিভাগে প্রাপ্তির পর ৩০.০৭.২০১৫ তারিখের ১৪২৩ নম্বর স্মারকে তাঁকে মাননীয় আদালতের রায় মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক স্থানীয় সরকার বিভাগকে অবহিত করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু যাচিৎ প্রতিবেদন অদ্যাবধি পাওয়া যায়নি।

২. বিবেচ্যপত্রের সূত্রে ঢাকা ওয়াসা'র আইন কর্মকর্তা জনাব মোঃ জাহিদুল ইসলাম এর সাথে ২৪-২৬ জুলাই ২০১৭ তারিখ একাধিকবার দাপ্তরিক ফোন এবং মোবাইলে কথা বলে জরুরী ভিত্তিতে রীট পিটিশন নং-৪৮৫১/২০১৩ এর দফাওয়ারী জবাব স্থানীয় সরকার বিভাগে প্রেরণের অনুরোধ করা হয়। ঢাকা ওয়াসা'র আইন কর্মকর্তা জানান যে, ঢাকা ওয়াসা'র আইনজীবী ব্যারিস্টার আবদুল মাবুদ মাসুম ডেপুটি এটর্নি জেনারেল জনাব বিশ্বজিৎ রায় এর কাছে বিবেচ্য মামলার দফাওয়ারী জবাব দাখিল করেছেন। সে মোতাবেক ডেপুটি এটর্নি জেনারেল জনাব বিশ্বজিৎ রায় এর সাথে ফোনে কথা বলে জানা যায় যে, তাঁর কাছে ঢাকা ওয়াসা'র পক্ষ থেকে কোন কাগজপত্র দাখিল করা হয়নি। ঢাকা ওয়াসা'র নিজস্ব আইনজীবী ব্যারিস্টার আবদুল মাবুদ মাসুম এর সঙ্গে ফোনে কথা বলে জানা যায় যে, তিনি এখনো এটর্নি জেনারেল অফিসে কোন কাগজপত্র দাখিল করেননি। অতঃপর পুনরায় ঢাকা ওয়াসা'র আইন কর্মকর্তার সাথে কথা বলে অতি জরুরী ভিত্তিতে ২৬ জুলাই বিকাল পাঁচটার মধ্যে দফাওয়ারী জবাব এবং প্রাসঙ্গিক কাগজপত্র প্রেরণ নিশ্চিত করার জন্য অনুরোধ করা হয়। কিন্তু এখনো তা পাওয়া যায়নি।

৩. এমতাবস্থায়, মাননীয় আদালতের রায় মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ পূর্বক ঘটনার প্রকৃত বিবরণী প্রতি পাতায় স্বাক্ষরযুক্ত ও প্রাসংগিক কাগজপত্র সত্যায়িত সহকারে ২(দুই) সেট জরুরী ভিত্তিতে আগামী ০৩.০৮.২০১৭ বিকাল পাঁচটার মধ্যে নিম্নস্বাক্ষরকারী বরাবর প্রেরণের জন্য নির্দেশক্রমে তাঁকে পুনরায় অনুরোধ করা হল। উল্লেখ্য, নির্ধারিত সময়ের মধ্যে জবাব প্রেরণ করা না হলে বিজ্ঞ আদালত কর্তৃক আরোপিত দায়-দায়িত্ব তাঁর দপ্তরের সংশ্লিষ্টদের উপর বর্তাবে।

সংযুক্তঃ ফ্যাক্সবার্তার কপি- ১ ফর্দ।

  
(মুহাম্মদ আনোয়ার পাশা)  
উপসচিব

ফোনঃ +৮৮০২-৯৫৪০১৯৭

e-Mail: dslaw2.lgd.gov@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক  
ঢাকা ওয়াসা।

সদয় অবগতি/কার্যার্থে অনুলিপিঃ

১. বিজ্ঞ সলিসিটর, সলিসিটর উইং; আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়; বাংলাদেশ সুপ্রীমকোর্ট প্রাঙ্গণ, ঢাকা।
২. অতিরিক্ত সচিব (পাঃসঃ), স্থানীয় সরকার বিভাগ (দফাওয়ারী জবাব সংগ্রহে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধ করা হল)।
৩. সচিবের একান্ত সচিব, স্থানীয় সরকার বিভাগ (সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)।
৪. কম্পিউটার প্রোগ্রামার, স্থানীয় সরকার বিভাগ (পত্রটি ওয়েব সাইটে প্রকাশের অনুরোধসহ)।
৫. অফিস কপি/মাস্টার কপি।